

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৭১

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যেসব ভাল কাজের মাধ্যমে সাদাকাহ করার সাওয়াব হয় তার বিস্তারিত বিবরণ

ذِكْرُ تَفَاصِيلِ الْمَعْرُوفِ الَّذِي يَكُونُ صَدَقَةَ الْمُسْلِمِ

## আরবী

3371 ـ أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ ابراهيم حدثنا حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ شُكَيْبِ حَدَّثَنَا مُعَاوِيَةُ بْنُ سَلَّامٍ عَنْ أَخِيهِ زَيْدِ بْنِ سَلَّامٍ, عَنْ جَدِّهِ أَبِي سَلَّامٍ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ فَرُّوخٍ أَنَّهُ سَمِعَ عَائِشَةَ تَقُولُ: إِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (خَلَقَ اللَّهُ كُلُّ إِنْسَانٍ مِنْ بَنِي آدَمَ عَلَى ستين وثلاث مئة مَفْصِلٍ فَمَنْ كَبَّرَ اللَّهَ وَحَمِدَهُ وَهَلَّلَ اللَّهُ كُلُّ إِنْسَانٍ مِنْ بَنِي آدَمَ عَلَى ستين وثلاث مئة مَفْصِلٍ فَمَنْ كَبَّرَ اللَّهَ وَحَمِدَهُ وَهَلَّلَ اللَّهُ وَسَبَّح اللَّهَ وَاسْتَغْفَرَ اللَّهَ وَعَزَلَ عَظْمًا عَنْ طَرِيقِ النَّاسِ وَعَزَلَ حَجَرًا عَنْ طَرِيقِهِمْ وَالثَّلَاثُ مئة فَإِنَّهُ يُمْسِي يَوْمَئِذٍ وَقَدْ وَأَمْرَ بِمَعْرُوفٍ وَنَهَى عَنْ مُنْكَرٍ عَدَدَ تِلْكَ السِّتِينَ والثلاث مئة فَإِنَّهُ يُمْسِي يَوْمَئِذٍ وَقَدْ زَحْزَحَ نَفْسَهُ عَنْ النَار)

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3371 | خلاصة حكم المحدث: صحيح

## বাংলা

৩৩৭১. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "নিশ্চয়ই আল্লাহ প্রতিটি আদম সন্তানকে ৩৬০ টি জোড়ের উপর সৃষ্টি করেছেন। কাজেই যে ব্যক্তি এই ৩৬০ সংখ্যা সমপরিমাণ আল্লাহু আকবার, আলহামদু লিল্লাহ, লা ইলাহা ইল্লাল্লাহ, সুবহানাল্লাহ, আসতাগফিরুল্লাহ বলবে, মানুষের রাস্তা থেকে হাড়-হাডিড সরিয়ে দেয়, তাদের রাস্তা থেকে পাথর সরিয়ে দেয়, সৎ কাজের আদেশ করে, মন্দ কাজের নিষেধ করে, তবে সে ব্যক্তি সেদিন বিকেল করে এমন অবস্থায় যে, সে নিজেকে জাহান্নাম থেকে দূরে সরিয়ে নিয়েছে।"[1]

## ফুটনোট



[1] সহীহ মুসলিম: ১০০৭; সুনান বাইহাকী: ৪/১৮৮; তাহাবী, মুশকিলুল আসার: ৯৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৩৭১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন